

চট্টগ্রামের ৮ সদস্যের এভারেস্ট বেইস ক্যাম্প জয়

- A Monitor Desk Report

Date: 05 October, 2025



ঢাকা : দুর্যোগপূর্ণ আবহাওয়া উপেক্ষা করে কোয়েস্টকু বাংলাদেশ এবং এফএনএফ রাইডার্স চট্টগ্রামের আট সদস্যের একটি যৌথ দল সফলভাবে এভারেস্ট বেস ক্যাম্প সামিট সম্পন্ন করেছেন।

শনিবার (৩ অক্টোবর) দুপুরে তারা বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্খের পাদদেশে এভারেস্ট বেস ক্যাম্প পৌঁছে লাল-সবুজের জাতীয় পতাকা উড়িয়ে দেন।

দলটির নেতৃত্ব দেন মেরিন ইঞ্জিনিয়ার মোহাম্মদ কামাল। অন্যান্য সদস্যরা হলেন মেরিন ইঞ্জিনিয়ার আরিফুজ্জামান, রাফি রুকন, ক্যাপ্টেন সাখাওয়াত কমল, মেরিন ইঞ্জিনিয়ার খালেকুজ্জামান রাজু, ইমরুস সাঈদ, জুয়েল ফরাজী ও মোহাম্মদ আলী।

অভিযাত্রী দল জানায়, তারা গত ২৭ সেপ্টেম্বর নেপালের লুকলা থেকে পদযাত্রা শুরু করেন। এরপর ফাকডিং, নামছে বাজার, টেংবুচে, ডিংবুচে ও লবুচে হয়ে গোরাকশেপে পৌঁছান। ৪ অক্টোবর সকাল সাড়ে ৭টায় তুষারপাত ও বাড়া হাওয়ার মধ্যে বেস ক্যাম্পের উদ্দেশ্যে চূড়ান্ত যাত্রা শুরু করে দলটি। দুপুর ১১টা ৪৫ মিনিটে তারা সফলভাবে এভারেস্ট বেস ক্যাম্প পৌঁছে সামিট সম্পন্ন করেন।

সামিট শেষে অভিযাত্রীরা সবাই নিরাপদে স্থানীয় গন্তব্যে ফিরে আসেন।

-B